




ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২

কাঁঠালী, ভালুকা, ময়মনসিংহ।

ইমেইল: mymensinghphs2@gmail.com

ওয়েব: phs2.mymensingh.gov.bd

ফেসবুক: facebook.com/ mymensinghpbstwo



ISO 9001:2015 Certified

স্মারক নং-২৭.১২.৬১১৩.৫৫৩.০১.০০৮.২৬.১৮৮৬

তারিখঃ ১৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

“প্যাকিং কাঠ (লাকড়ী) নিলামে বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি”

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২, ভালুকা, ময়মনসিংহ কর্তৃক সমিতির পরিচালন ও রক্ষনাবেক্ষণ ষ্টোরের অব্যবহৃত প্যাকিং কাঠ (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও স্বাক্ষরসহ সীলগালা খামে দরপত্র আহবান করা যাচ্ছে। প্যাকিং কাঠের বিবরণ নিম্নরূপঃ

ক্রং নং	মালামালের বিবরণ	পরিমাণ	উদ্ধৃত একক মূল্য (টাকা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)	মন্তব্য
০১	প্যাকিং কাঠ (লাকড়ী)	১০০০ মন (প্রতি মন ৪০ কেজি)			
			সর্বমোট=		

দরদাতার স্বাক্ষর
(ঠিকানা ও মোবাইল নম্বর সহ)

শর্তাবলীঃ-

- ০১। আগ্রহী দরদাতাগণ আগামী ১১/১০/২০২৬ খ্রি. তারিখ বেলা ১১:০০ ঘটিকার মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজারের কার্যালয়, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২, কাঁঠালী, ভালুকা, ময়মনসিংহ-এ রক্ষিত টেন্ডার বাস্তবে নিলাম দরপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ০২। দরপত্র সমূহ একই দিন অর্থাৎ ১১/১০/২০২৬ খ্রি. তারিখ বেলা ১১:৩০ ঘটিকায় উল্লেখিত স্থানে উপস্থিত নিলাম দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৩। নিলাম দরদাতার দাখিলকৃত মোট মূল্য, প্রাক্কলিত মোট মূল্যের নীচে হলে বিবেচনা করা হবে না।
- ০৪। নিলামে উদ্ধৃত সর্বমোট মূল্যের ২৫% (পঁচিশ) হারে আর্নেস্টম্যানি ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে অর্ডার আকারে (নগদ টাকা গ্রহণযোগ্য নয়) দরপত্রের সাথে জমা দিতে হবে। আর্নেস্টম্যানি ব্যতীত নিলাম দরপত্র গ্রহণযোগ্য হবে না। কৃতকার্য সর্বোচ্চ নিলাম দরদাতাকে অবশ্যই অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর) মূল্য দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনেরো) দিনের মধ্যে নগদ/ব্যাংক ড্রাফ আকারে পরিশোধ পূর্বক বর্ণিত প্যাকিং কাঠ সমূহ গ্রহণ করিতে হবে। এছাড়া কৃতকার্য সর্বোচ্চ নিলাম দরদাতাকে সরকারী নিয়মানুযায়ী মোট উদ্ধৃত মূল্যের ১৫% ভ্যাট এবং ১০% উৎসেকর প্যাকিং কাঠের মোট মূল্যের সহিত জমা প্রদান করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল গ্রহণ করতে ব্যর্থ হলে নিলাম আদেশ বাতিলকরতঃ নিলাম দরপত্রের সহিত প্রদত্ত আর্নেস্টম্যানি অত্র অফিসের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। অকৃতকার্য দরদাতাদের আর্নেস্টম্যানি নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।
- ০৫। দরপত্র প্রদানের পূর্বে প্যাকিং কাঠ সমূহ অফিস চলাকালীন সময়ে সমিতির সদর দপ্তর হতে দেখা যেতে পারে।
- ০৬। মালামাল গ্রহণের সময় সমিতির কোন অবকাঠামোর ক্ষতি করা যাবে না। ক্ষতি হলে তা নিজ খরচে মেরামত/প্রতিস্থাপন করে দিতে হবে।
- ০৭। অত্র সমিতির কোন কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা উপদেষ্টার স্বামী/স্ত্রী বা উভয়ের রক্ত সম্পর্কীয় কেউ নিলামে অংশ গ্রহণ করতে পারবেন না।
- ০৮। লাকড়ীর পরিমাণ কম/বেশী হতে পারে। সেক্ষেত্রে লাকড়ীর পরিমাণ কম/বেশী হলে মূল্য সমন্বয়/অতিরিক্ত মূল্য পরিশোধ করতে হবে।

৫



ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২

কাঁঠালী, ভালুকা, ময়মনসিংহ।

ইমেইল: mymensinghpbs2@gmail.com


ওয়েব: pbs2.mymensingh.gov.bd

ফেসবুক: facebook.com/ mymensinghpbstwo

ISO 9001:2015 Certified



- ০৯। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা গ্রহণ যোগ্য হবে না। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে বিবেচিত হবে। কোন কারণ প্রদর্শন ছাড়াই যে কোন বা সকল দরপত্র কিংবা দরপত্রের অংশ বিশেষ গ্রহণ বা বাতিল করার ক্ষমতা অত্র সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।


০৪/১০/২০২৬

(এস. এম. নাসির উদ্দীন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (জ্যৈষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ/গাজীপুর।
- ০৩। পুলিশ সুপার, ময়মনসিংহ/গাজীপুর।
- ০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ জোন, বাপবিবো, ময়মনসিংহ।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ...পবিস-১/২/৩/৪।
- ০৬। ডিজিএম (সদর-কারিগরি)/মাওনা/গফরগাঁও/শ্রীপুর/ত্রিশাল/জামিরদিয়া), জোনাল অফিস, ময়মনসিংহ পবিস-২।
- ০৭। এজিএম (অর্থ-রাজস্ব/ওএন্ডএম/এম,এস/ইএন্ডসি/পিএন্ডএম/অর্থ-হিসাব), ময়মনসিংহ পবিস-২।
- ০৮। এজিএম (ওএন্ডএম), বাটাজোর/কাওরাইদ সাব-জোনাল অফিস, ময়মনসিংহ পবিস-২।
- ০৯। এজিএম (আইটি), ময়মনসিংহ পবিস-২। {সমিতির ওয়েবসাইটে প্রকাশ করার নির্দেশসহ}।
- ১০। নোটিশ বোর্ড, ময়মনসিংহ পবিস-২।
- ১১। অফিস কপি/মাষ্টার কপি।

(সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে
বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।


০৪/১০/২০২৬

(এস. এম. নাসির উদ্দীন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

